**Add-on Course in**

# শিশুসাহিত্যে অলঙ্করণ ও শিশুমনে তার প্রভাব


বাংলা বিভাগ

সাগরদীঘি কামদা কিঙ্কর স্মৃতি মহাবিদ্যালয়

সাগরদীঘি, মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ

# কোর্সটির উদ্দেশ্য ও পরিচিতি

## কোর্সটি কেন পড়া দরকার

বর্তমান প্রযুক্তিগত যান্ত্রিকতার যুগে মানুষের চিন্তা, মননশীলতা, সামাজিক, সাংস্কৃতিক বিকাশ, বোধ অধিকতর পেশাদারিত্বে মোড়া। আমাদের সমাজে শিশুর জগৎ অত্যন্ত সহজ-সরল-নির্মল-আনন্দমুখর এক পরিবেশ দাবি করে। কারণ, শিশু পৃথিবীর সব দেশেরই ভবিষ্যতের নাগরিক। ভাবী নাগরিকের মানসিক-বৌদ্ধিক বিকাশের যথোপযুক্ত পরিবেশ সৃষ্টি করতে, বিকাশ সাধন করতে শিশুসাহিত্য এক নির্ভেজাল সহায়ক অঙ্গ। বিশেষ করে, কৃত্রিম বুদ্ধিমত্তার যুগে শিশুসাহিত্য পাঠ ও তার উদ্দেশ্য বোঝা অপরিহার্য হয়ে পড়েছে। শিশুসাহিত্যে কথা, গল্প, ছড়া, কবিতা, অভিযান ভ্রমণ, ইতিহাস, খেলাধুলা, গান, চিত্রকলা, অলঙ্করণ, নাটক, বিজ্ঞান, ব্রতকথা ইত্যাদি নানা শৈলীতে শিশু তার মনের কল্পনা ও ভাবনাকে ডানা মেলে দেয় সুদূর দূরালোকে। নিষ্পাপ শিশুর কল্পনাবিলাসী মনের যথাযথ উন্মোচনই ভবিষ্যতে দেশের সুনাগরিক গঠনে যথার্থ ভূমিকা পালন করে থাকে। শিশুমনের জিজ্ঞাসা বা জানবার তাগিদকে এই শিশুসাহিত্য বিস্তৃত পরিসর দান করে। শিশুসাহিত্য নিয়ে কাজকর্ম করতে হলে দরকার সংবেদনশীল উন্মুক্ত মন। সুস্থ সমাজ গঠনের লক্ষ্যে শিশুসাহিত্য নিয়ে পরীক্ষা-নিরীক্ষা করা এবং আরো সমৃদ্ধ করতে বর্তমানে সাহিত্যের এই শ্রেণিটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ।

কর্মমুখী শিক্ষার উপর শিশুসাহিত্য নিয়ে চিন্তাভাবনাকে সংহত পরিসরে এনে শিশুর কল্যাণের উদ্দেশ্যে পৃথক এক ক্ষেত্র সৃষ্টি করে এক আনন্দময় জগত তৈরি করা সম্ভব। সংবেদনশীল, স্পর্শকাতর শিশু মনের সমতুল্য মনের অধিকারী ব্যক্তিরা নিজেদের উজাড় করে দিতে পারেন নাটক, অলঙ্করণ, কবিতা-গান সৃষ্টির মাধ্যমে। শিশুদের জন্য অলঙ্করণ এখন শিল্পের পর্যায়ে পৌঁছে গেছে। সুতরাং, সৃজনশীল মানসিকতার প্রকাশের ক্ষেত্রে বহুক্ষেত্রেই কর্মসংস্থানের ক্ষেত্রে পরিণত হচ্ছে। প্রথাগত শিক্ষার পাশাপাশি কর্মমুখী শিক্ষার উপর গুরুত্ব আরোপ করে শিক্ষাকে জনমুখী করতে, দেশের মানবিক সম্পদ বৃদ্ধি করতে UGC যে CBCS–এর মাধ্যমে পদক্ষেপ গ্রহণ করেছে তা সমাজকে সাফল্যের শীর্ষে পৌঁছে দেবে।

শিশুসাহিত্য কি? শিশুমনের বিকাশোন্মুখ অবস্থার সহায়ক রচনাই শিশুসাহিত্য। শিশু ও সাহিত্যের এক অন্তরঙ্গ সম্পর্ক যা শিশুদের মনোরঞ্জনার্থের উদ্দেশ্যে রচিত। ইংরেজিতে একে Children Literature বলা হয়। শিশুসাহিত্যের ইতিহাস অনেক প্রাচীন। মানুষের আবির্ভাবকাল থেকে মৌখিকরূপে এর পত্তন ঘটে। প্রাচীন ছড়া, রূপকথা, সোমদেবের ‘কথাসরিৎসাগর’, ‘হিতোপদেশ’ এর প্রাচীনত্ব প্রমাণ করে। সহজ-সরল, হাসি ও মজার শব্দ ও বাক্যের ব্যবহার, বিদেশী তৎসম শব্দ পরিহার করে, কুরুচিপূর্ণ শব্দ পরিহার করে যে শব্দ ও বাক্য শিশুমনকে দোলা দেয় তার প্রাধান্যই শিশুসাহিত্যের মূল চাবিকাঠি। শিশুমনের কল্পনাকে উস্কে দিতে অলঙ্করণ, রং-এর ব্যবহার শিশুসাহিত্যে অনির্বচনীয় ভূমিকা পালন করেছে। শিশুসাহিত্যে লেখা এবং অলঙ্করণ একে অপরের পরিপূরক। শুধু ভারতবর্ষে নয়, আফ্রিকা, ইউরোপ, কোরিয়া, জাপান, বাংলাদেশ, মায়ানমার, নেপাল, শ্রীলঙ্কাতেও শিশুসাহিত্য সদর্থক ভূমিকা পালন করে চলেছে। আমাদের বাংলায় মদনমোহন তর্কালঙ্কার, রবীন্দ্রনাথ ঠাকুর, নজরুল, উপেন্দ্রকিশোর রায় চৌধুরী, অবণীন্দ্রনাথ ঠাকুর, দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার, সুকুমার রায়, সুনির্মল বসু, ইত্যাদি ব্যক্তিত্বের ভূমিকা প্রশংনীয়।

উপরোক্ত বিষয়গুলি সম্পর্কে ধারণা থাকলে ও সংবেদনশীল, সৃজনশীল সুন্দর মন থাকলে একজন ব্যক্তি সফল শিশুসাহিত্যিক হয়ে কর্মজীবন আনন্দে কাটাতে পারেন এবং ভবিষ্যতের সুনাগরিক গঠনে অগ্রণী ভূমিকা পালন করতে পারেন। ছাত্র-ছাত্রীদের এ সম্পর্কে একটি প্রাথমিক শিক্ষা দেওয়ার লক্ষ্যে এই কোর্সটি গ্রহণ করা হয়েছে।

## কোর্স পরিচিতি :

১. কোর্সটির সময়সীমা ৩০ ঘন্টা

২. এই কোর্সে কলেজের ছাত্র-ছাত্রীরা অংশ গ্রহণ করতে পারবে। কোর্সে অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রীদের কোর্স শেষে মূল্যায়ন করা হবে এবং মূল্যায়নে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ছাত্র-ছাত্রীদের শংসাপত্র দেওয়া হবে।

৩. মূল্যায়নের পূর্ণমান ৫০, তারমধ্যে উপস্থিতির জন্য ৫ নম্বর নির্ধারিত রয়েছে। মূল্যায়নের পদ্ধতি সম্পর্কে পরে ক্লাস চলাকালীন জানানো হবে।

৪. কোর্সে ভর্তি হয়ে ক্লাসে উপস্থিতি বাধ্যতামূলক।

৬. কেবলমাত্র কলেজের যে কোনও শাখার ছাত্র-ছাত্রীরা এ সুযোগ লাভের অধিকারী। কোর্সে ভর্তির জন্য পৃথক কোনও ফি দিতে হবে না। রেজিস্ট্রিশনের জন্য যোগাযোগ করতে হবে – বাংলা বিভাগের বিভাগীয় প্রধান ডক্টর মণিকুন্তলা বসুর সঙ্গে, কন্ট্যাক্ট নং ৯২৩২৬ ৭৯৫২৫ অথবা কলেজের E-mail Address-এ: sgd.mahavidyalaya@gmail.com

## পাঠক্রম

| একক | বিষয়সূচি | পাঠ্যসূচি | সময়সীমা | পূর্ণমান |
|---|---|---|---|---|
| ১ | শিশুসাহিত্য পাঠে শিশুর চিন্তাশক্তির বিকাশ পর্বে পুস্তকে অলঙ্করণের প্রভাব | ১. শিশুসাহিত্য কি এবং কেন<br>২. শিশুসাহিত্যের ভাষা ও বাঙালির সৃষ্টি ভুবনে শিশু মানস<br>৩. শিশুসাহিত্যের শ্রেণিবিভাগ অনুসারে শিশুমনে অলঙ্করণের প্রভাব | ৩০ ঘন্টা | ৪৫ |
| অথবা | | | | |
| ২ | শিশুসাহিত্য সম্পাদনায় শব্দ-কল্প-গল্প-ছবি সংযোয়াজনের গুরুত্ব | ১. শিশুসাহিত্য সম্পদনায় সাদামাটা শব্দের ব্যবহারের প্রতি দৃষ্টি দেওয়ার যুক্তি<br>২. শিশুসাহিত্যের ভাষায় হাসির ও মজার শব্দের ব্যবহার<br>৩. শিশুমনে দোলাদেওয়া কাহিনির কল্প-গল্প-ছবির প্রয়োগ | ৩০ ঘন্টা | ৪৫ |
| অথবা | | | | |
| ৩ | বিশ শতকের প্রথম চার দশকে বাংলার শিশুসাহিত্যে প্রখ্যাত শিশুসাহিত্যিকদের রচিত সাহিত্যে অলঙ্করণ ও শিশুমনে তার প্রভাব | ১. শিশুমনে কাজী নজরুল ইসলামের শিশুসাহিত্যে অলঙ্করণের প্রভাব<br>২. রবীন্দ্র শিশুসাহিত্যে অলঙ্করণ ও শিশুমনে তার প্রভাব<br>৩. উপেন্দ্রকিশোর রায়চৌধুরী,অবনীন্দ্রনাথ ঠাকুর, দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার, সুকুমার রায় ও সুনির্মল রায়ের শিশুসাহিত্যে শিশুমনে অলঙ্করণের প্রভাব | ৩০ ঘন্টা | ৪৫ |
| অথবা | | | | |
| ৪ | শিশুসাহিত্য অলঙ্করণে রঘুনাথ গোস্বামীর অবদান | ১. শিশুসাহিত্য, নাটক, পাপেট চলচ্চিত্র অলঙ্করণে রঘুনাথ গোস্বামীর আবির্ভাবকাল<br>২. রঘুনাথের শিক্ষাজীবন ও প্রকাশনা জগতে পদার্পণ<br>৩. শিশুসাহিত্যের বিভিন্ন শাখায় অলঙ্করণে তাঁর প্রতিভা | ৩০ ঘন্টা | ৪৫ |